দৈনিক ইত্তেফাক

31 MAY 2003
পৃষ্ঠা ২০ কলাম ৩

# বিশ্ববিদ্যালয়গুলোও কর খেলাপি : ১০টির কাছে রাজস্ব বকেয়া ১১ কোটি টাকা

জামাল উদ্দীন ॥ বাণিজ্যিকভাবে পরিচালিত দেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর বকেয়া কর আদায় হচ্ছে না। প্রতিষ্ঠানগুলোর নিজেদের ঘোষণার ভিত্তিতে কর নির্ধারণ করা হলেও বকেয়া পড়ছে। এ পর্যন্ত ২৮টি প্রতিষ্ঠানকে করের আওতায় আনা হলেও মাত্র ১০টির কর নিরূপণ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এই ১০টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের কাছেই এখন আদায়যোগ্য কর বকেয়া পড়েছে প্রায় ১১ কোটি টাকা। জাতীয় রাজস্ব (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয়গুলোও

(শেষ পৃঃ পর)

বোর্ডের বিভিন্ন সূত্র জানিয়েছে, ঢাকায় বাণিজ্যিকভাবে পরিচালিত প্রায় সব বেসরকারী বিশ্ববিদ্যালয় করযোগ্য। এর মধ্যে নামকরা বিশ্ববিদ্যালয়গুলোও এখন কর খেলাপি। বোর্ডের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, প্রকৃত আয় ধরে এখনো এ খাতে কর নিরূপণ করা হচ্ছে না। শুধু বিশ্ববিদ্যালয়ের ঘোষণাকৃত আয়ের ওপর কর ধার্য করা হচ্ছে। প্রকৃত হিসাব অনুসন্ধান করলে আদায়যোগ্য করের পরিমাণ ৩০ কোটি টাকার বেশি হবে। তিনি জানান, এ পর্যন্ত মাত্র ২৮টি বেসরকারী বিশ্ববিদ্যালয়কে করের আওতায় আনা হচ্ছে। অথচ ৪৪টির বেশি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন রয়েছে এবং প্রায় সবগুলোই চালু আছে।

সূত্রমতে, আগে বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের আয় করমুক্ত ছিল। ৩ জুলাই ২০০২ সালে জারি করা জাতীয় রাজস্ব বোর্ডের এক প্রজ্ঞাপনে বাণিজ্যিকভাবে পরিচালিত বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠানকে করের আওতায় আনা হয়। তবে মেডিক্যাল কলেজ, ডেন্টাল কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসহ তথ্য প্রযুক্তি শিক্ষাদানে নিয়োজিত প্রতিষ্ঠানগুলো এখনো করের আওতার বাইরে আছে।